

প্রথম আলো

তারিখ . 3.0 . JAN . 2014
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ...

শিক্ষকদের জিম্মি করে ভোট নেওয়ার অভিযোগ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিনিধি •

চাকরি স্থায়ীকরণ, পদোন্নতি ও সুযোগ-সুবিধা পেতে শিক্ষক সমিতির নির্বাচনে আওয়ামী লীগপন্থীদের ভোট দেওয়ার প্রমাণ রাখতে ব্যালটের ছবি মুঠোফোনে ধারণ করা হয়েছে। এ ক্ষেত্রে শিক্ষকদের জিম্মি করে ভোট নেওয়া হয়েছে। গতকাল বুধবার সংবাদ সম্মেলনে এই অভিযোগ করে ময়মনসিংহে অবস্থিত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের বিএনপিপন্থী শিক্ষকদের সংগঠন সোনালী দল।

সংবাদ সম্মেলনে সোনালী দলের সভাপতি মো. ইব্রাহিম মিয়া লিখিত বক্তব্য বলেন, ভোট দেওয়ার প্রমাণস্বরূপ আওয়ামী লীগপন্থীরা পূর্বপরিকল্পিতভাবে মুঠোফোনে ব্যালটের ছবি তোলেন। ভোটকেন্দ্রে ঢোকান পরজায় মুঠোফোন ও ক্যামেরা ব্যবহার না করার নির্দেশনা ছিল। ভোট গ্রহণের শুরুতেই এ নির্দেশনা দেখে আওয়ামী লীগপন্থী শিক্ষকেরা এর প্রতিবাদ করেন। পরে নির্বাচনী বিধিতে মুঠোফোন ব্যবহারের বিষয়ে কিছু উল্লেখ না থাকায় প্রিসাইডিং কর্মকর্তা বিস্ময়গীত তুলে নেন।

বিএনপিপন্থী প্যানেলের সভাপতি প্রার্থী অধ্যাপক আব্দুল হাশেম ছবি তুলতে বাধ্য দেওয়ার আওয়ামী লীগপন্থী এক শিক্ষক তাঁর সঙ্গে দূর্ব্যবহার করেন বলে অভিযোগ করেছেন। এই শিক্ষক ছবি তোলার নেক্ষত্র দিয়েছেন।